বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন
১০২,কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা- ১২১৫।

বিএসইসি ইনোভেশন টিমের জুলাই'২০১৭ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ	বেগম সীমা সাহা (অতিরিক্ত সচিব) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন),বিএসইসি ও পরিচালক (অর্থ),বিএসইসি (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	ঃ	১০ অক্টোবর' ২০১৭
সময়	ঃ	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	ঃ	পরিচালক(পরিকল্পনা ও উন্নয়ন),বিএসইসি-এর অফিস কক্ষ
উপস্থিতির তালিকা	ঃ	পরিশিষ্ট 'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, অদ্যকার সভায় ইনোভেশন টিম, বাংলাদেশ ব্লেড ফ্যাক্টোরি লিঃ-এর যোগদান বিষয়ে পূর্বের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কিন্তু অদ্য মঙ্গলবার উক্ত প্রতিষ্ঠানের সাপ্তাহিক ছুটি থাকার করণে ইস্টার্ন টিউবস লিঃ-এর সদস্যগণকে সভায় যোগদানে আমন্ত্রণ জানানো হয়েছে। সভাপতি অবহিত করেন যে, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগ ও শিল্প মন্ত্রণালয় ইনোভেশন সংক্রান্ত কার্যসমূহকে বিশেষ গুরুত্ব প্রদান করছে। সেমতে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান এবং এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার সুবিধার্থে বিএসইসি প্রধান কার্যালয়ের ইনোভেশন টিমের সভায় এপর্যন্ত দু'টি শিল্প প্রতিষ্ঠানকে আমন্ত্রন জানানো হয়েছে। পর্যায়ক্রমে সকল প্রতিষ্ঠানের ইনোভেশন টিমের সদস্যগণের অংশগ্রহণ অব্যাহত রাখতে হবে। অত:পর, সভাপতির অনুমোদনক্রমে টিমের সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়।

২। সভার অলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো-

ক্র:নং	অলোচ্য বিষয়	বাস্তবায়ন অগ্রগতি/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ইনোভেশন সংক্রান্ত আইডিয়া সংগ্রহ	(১.১) বিগত সভায় সিদ্ধান্ত "শিল্প প্রতিষ্ঠানসমূহ আগামী ১৫/০৯/২০১৭ তারিখের মধ্যে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে তা বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বিএসইসি প্রধান কার্যালয়কে অবহিত করবে"-এ বিষয়ের অগ্রগতিতে জানানো হয় যে,গত ১১-০৯-২০১৭ তারিখে স্মারক নং ৩৬.৯৩.০০০০.০১৪.৬৫.০০১.১৪-৬৫ -এর মাধ্যমে সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে শিল্প প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণ করা হয়েছিল। প্রতিষ্ঠানসমূহের মধ্য হতে ন্যাশনাল টিউবস লিঃ আইডিয়া/ কর্মপরিকল্পনা প্রেরণ করেছে। এছাড়া, প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ ইনোভেশন টিমের সভা আহবান ও কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। যার কপি অতিশীঘ্রই তারা প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। সভাপতি মহোদয় বলেন যে, সরকারি গেজেট অনুযায়ী ইনোভেশন টিমের কর্মপরিধির অন্যতম কার্যক্রম কর্মপরিকল্পনা প্রনয়ণ ও বাস্তবায়ন করা। তাই প্রত্যেক শিল্প প্রতিষ্ঠানকে ইনোভেশন আইডিয়া গ্রহণপূর্বক তা বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়টি বিশেষ গুরুত্ব ও অগ্রাধিকার প্রদান করতে হবে। সভায় আরো জানানো হয় যে, শিল্প মন্ত্রণালয় হতে ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা প্রেরণে তাদিগ প্রদান করা হচ্ছে। এজন্য অদ্য সভাতেই জরুরী ভিত্তিতে ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। সভাপতি মহোদয় আলোচনায় অংশ নিয়ে বলেন যেহেতু শিল্প মন্ত্রণালয় হতে বারবার তাগিদ প্রদান	(১.১) শিল্প প্রতিষ্ঠানসমূহ ইনোভেশেন টিমের কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বিএসইসি প্রধান কার্যালয়কে অবহিত করবে। (১.২) ইস্টার্ন টিউব লিঃ,প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ এবং জিইএম কোম্পানী লিঃ-এর সভায় আলোচিত কার্যক্রমসমূহের সমন্বয়ে বিএসইসি ইনোভেশন টিমের একটি কর্মপরিকল্পনা প্রনয়ণপূর্বক শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	(১.১)ব্যবস্থাপনা পরিচালক, সকল শিল্প প্রতিস্ঠান এবং ইনোভেশন টিম-বিএসইসি ও সকল শিল্প প্রতিষ্ঠান (১.২) ইনোভেশন টিম-বিএসইসি

ক্র:নং	অলোচ্য বিষয়	বাস্তবায়ন অগ্রতি/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		করা হচ্ছে সেপ্রেক্ষিতে ইস্টার্ন টিউব লিঃ-এর স্বয়ংক্রিয় পদ্ধতিতে এলইডি বাল্ব উৎপাদন কার্যক্রম, প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ-এর ঢাকার তেজগাঁওতে সার্ভিস সেন্টার ও শোরুম স্থাপন প্রকল্প, ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে উৎপাদন প্রক্রিয়ায় ক্রেতার অর্ডারকৃত গাড়ীর প্রকৃত অবস্থান সনাক্তকরণ এবং জিইএম কোম্পানী লিঃ-এর সিঙ্গেল ফেজ ও থ্রি ফেজ বৈদ্যুতিক প্রিপেইড মিটার উৎপাদন পরিকল্পনার সমন্বয়ে একটি বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়ণের পরামর্শ প্রদান করেন।		
২	ইস্টার্ন টিউবস লিঃ-এর ইনোভেশন টিমের কার্যক্রম সম্পর্কে আলোচনা	(২.১) ইনোভেশন টিম ইস্টার্ন টিউবস লিঃ-এর কার্যক্রম সম্পর্কে আলোচনাকালে ইস্টার্ন টিউব লিঃ-এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ইনোভেশন টিমের সভা ইস্টান টিউবসে নিয়োমিত আয়জন করা হয় না এবং ইনোভেশন টিমের কর্ম পরিকল্পনাও প্রনয়ণ করা হয়নি। সভপতি মহোদয় বলেন মন্ত্রিপরিষদ বিভাগ ও শিল্প মন্ত্রণালয় ইনোভেশন সংক্রান্ত কার্যসমূহকে বিশেষ গুরুত প্রদান করছে এবং নিয়মিত ফলোআপ করছে। সেপ্রেক্ষিতে ইনোভেশন টিমের কর্ম পরিকল্পনা প্রনয়ন এবং প্রতিমাসে ইনোভেশন টিমের সভা আয়োজন বাঞ্ছনীয়। এখন হতে ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত আয়োজন করা হবে মর্মে সভাকে ইনোভেশন টিম, ইস্টান টিউবস লিঃ অবহিত করেন। সভাপতি মহোদয় প্রতিষ্ঠানসমূহের ইনোভেশন টিমের কার্যক্রম মনিটরিং-এ প্রত্যেক প্রতিষ্ঠানের ইনোভেশন টিমের সদস্যগণের অংশগ্রহণ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন এবং পরবর্তী সভায় বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লিঃ-কে আমন্ত্রণ জানাতে নির্দেশ প্রদান করেন।	(২.১)ইস্টার্ন টিউবস লিঃ ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী বিএসইসিতে প্রেরণ করবে। (২.২)পরবর্তী ইনোভেশন টিমের সভায় বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরী লিঃ, টংগী-এর ইনোভেশন টিমকে অংশগ্রহণের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে।	(২.১)ইনোভেশন টিম, ইস্টার্ন টিউবস লিঃ (২.২)এমআইএস ও আইসিটি সেল, বিএসইসি।
৩	মন্ত্রিপরিষদ বিভাগের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভার সিদ্ধান্ত বস্তবায়ন	৩.১ সভায় জানানো হয় যে, ৫ দিনব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশাল আয়োজনে গত ১১-০৯-২০১৭ তারিখে পত্র স্মারক নং ৩৬.৯৩.০০০০.০১৪.৭৬.০০১.১৭-৭০ এর মাধ্যমে প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণপূর্বক প্রতিষ্ঠানসমূহ হতে মনোনীত প্রশিক্ষণার্থীর তালিকা সংগ্রহ করা হয়েছে এবং এটুআই-এর গাইডলাইন অনুযায়ী একটি খসড়া প্রাক্কলিত বাজেটও প্রস্তুত করা হয়েছে। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ৫ দিনব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালাটি কক্সবাজারে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল । কিন্তু বর্তমানে কক্সবাজারে রোহিঙ্গা সমস্যা এবং প্রশিক্ষণ কর্মশালার সিডিউল অনুযায়ী দু'দিন ফ্যাক্টরী পরিদর্শণ বিষয়টি অন্তর্ভুক্ত থাকায় ফ্যাক্টরী পরিদর্শণের সুবিধার্থে চট্টগ্রামে আয়োজন করা যেতে পারে।	৩.১ উপযুক্ত স্থান নির্বাচনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা বাস্তবায়নে ৫ দিনব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	৩.১ ব্যক্তি প্রশাসন বিভাগ এবং এমআইএস ও আইসিটি সেল, বিএসইসি।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(সীমা সাহা)
অতিরিক্ত সচিব
ও
পরিচালক(পরিঃওউন্নঃ), বিএসইসি
চীফ ইনোভেশন অফিসার
ইনোভেশন টিম, বিএসইসি

স্মারক নং- ৩৬.৯৩.০০০০.০১৪.৬৫.০০১.১৪- ৭৫ তারিখঃ ০৫-১১-২০১৭

গত ১০-১০-২০১৭ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.৩০ ঘটিকায় বিএসইসি সভা কক্ষে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে ইনোভেশন টীম, বিএসইসি'র কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বিতরণঃ (কার্যার্থে)
(জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)

১। সচিব, বিএসইসি, ঢাকা
২। ব্যবস্থাপনা পরিচালক (সকল)...
৩। জনাব এ এম রিজওয়ান হোসেন, অতিঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বিএসইসি, ঢাকা
৪। জনাব এ.কে.এম আনোয়ার মোর্শেদ, উপ-মহাব্যবস্থাপক, বিপনন বিভাগ,বিএসইসি, ঢাকা
৫। জনাব মোঃ আশরাফুল আলম, সিস্টেম এনালিস্ট, এমআইএস ও আইসিটি সেল,বিএসইসি, ঢাকা
৬। ইঞ্জিনিয়ার মোঃ সাদিকুল হক, প্রকৌশলী (যান্ত্রিক),পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিএসইসি, ঢাকা

০৫.১১.২০১৭

(মোঃ মনিরুজ্জামান খান)
উপ-মহাব্যবস্থাপক
এমআইএস ও আইসিটি সেল

অনুলিপি:
১। উর্ধ্বতন সমন্বয় কর্মকর্তা টু চেয়ারম্যান, বিএসইসি, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। সমন্বয় কর্মকর্তা টু পরিচালক (পরিঃ ও উন্নঃ), বিএসইসি, ঢাকা। (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)